

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৫০২

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩০) কাতারগুলো মিলিয়ে নেয়া ও ফাঁকা জায়গা পূরণ করতে উদ্বুদ্ধকরণ

الترغيب في وصل الصفوف وسد الفرج

আরবী

(صحيح) و عَنِ الْبَرَاءِ بْنِ عَازِبٍ رَضِيَ اللَّهُ عَنْهُ ، قَالَ : كَأَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَنْهُ ، قَالَ : كَأَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَأْتِي الصَّفَ مِنْ نَاحِيَةٍ إِلَى نَاحِيَةٍ ، فَيَمْسَحُ مَنَاكِبَنَا ، أَوْ صُدُورُنَا وَيَقُولُ : لاَ تَخْتَلِفُوا فَتَخْتَلِفَ قُلُوبُكُمْ ، قَالَ : وَكَانَ يَقُولُ : إِنَّ اللَّهَ وَمَلاَئِكَتَهُ يُصَلُّونَ عَلَى الَّذِينَ يَصِلُونَ الصَّفُوفَ الأُولَ. رواه ابن خزيمة في صحيحه

বাংলা

৫০২. (সহীহ্) বারা বিন আযিব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কাতারের এক প্রান্ত থেকে আরেক প্রান্তে এসে দাঁড়াতেন, এরপর আমাদের বক্ষ ও কাঁধগুলোকে সোজা বরাবর করে দিতেন, আর বলতেনঃ ''তোমরা আগে-পিছে হয়ো না তাহলে তোমাদের অন্তরের মাঝে বিভেদ সৃষ্টি হবে। নিশ্চয় আল্লাহ তা'আলা রহমত নাযিল করেন এবং ফেরেশতারা দু'আ করেন প্রথম কাতারের উপরে।''

(ইবনে খুযায়মা ৩/২৬ তাঁর [সহীহ গ্রন্থে] হাদীছটি বর্ণনা করেছেন ৭২৫৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন